অতীব জরুরি
নির্বাচন অগ্রাধিকার

# বাংলাদেশ নির্বাচন কমিশন
## নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
www.ecs.gov.bd

১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.১৭ (অংশ-৩)-১৩০

তারিখ: ২৩ বৈশাখ ১৪২৫ / ০৬ মে ২০১৮

**বিষয় : নরসিংদী জেলার সদর উপজেলাধীন নুরালাপুর ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন উপলক্ষে নির্বাচন পর্যবেক্ষক নিয়োগ**

সূত্র: ১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.১৭ (অংশ-৩)-১২৫, তারিখ: ৩০ এপ্রিল ২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, **০৭ মে ২০১৮** তারিখে নরসিংদী জেলার সদর উপজেলাধীন নুরালাপুর ইউনিয়ন পরিষদের স্থগিত নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। উল্লিখিত নির্বাচন সুষ্ঠু, অবাধ, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে এবং প্রতিটি ভোটকেন্দ্রের নির্বাচনের পরিস্থিতি নিবিড় ও পুঙ্খানুপুঙ্খভাবে পর্যবেক্ষণের নিমিত্ত ভোটগ্রহণের পূর্ব দিন ও ভোটগ্রহণের দিন অর্থাৎ **০৬-০৭ মে ২০১৮** তারিখের জন্য মাননীয় নির্বাচন কমিশন নিম্নোক্ত কর্মকর্তাগণকে নির্বাচন পর্যবেক্ষক হিসেবে নিয়োগের সিদ্ধান্ত প্রদান করেছেন :

| ক্রম | জেলা | উপজেলা | ইউনিয়ন | কর্মকর্তার নাম ও পদবী | বর্তমান কর্মস্থল |
|---|---|---|---|---|---|
| ১. | নরসিংদী | নরসিংদী সদর | নুরালাপুর | মোহাম্মদ শাহজালাল<br>উপজেলা নির্বাচন অফিসার | উপজেলা নির্বাচন অফিস<br>শিবপুর, নরসিংদী |
| ২. | | | | মোহাম্মদ নাজিম উদ্দিন<br>উপজেলা নির্বাচন অফিসার | উপজেলা নির্বাচন অফিস<br>ঘিওর, মানিকগঞ্জ |
| ৩. | | | | মোহাম্মদ মাহবুবুর রহমান<br>উপজেলা নির্বাচন অফিসার | উপজেলা নির্বাচন অফিস<br>রূপগঞ্জ, নারায়ণগঞ্জ |
| ৪. | | | | শেখ মুহাম্মদ হাবিবুর রহমান<br>উপজেলা নির্বাচন অফিসার | উপজেলা নির্বাচন অফিস<br>শিংগাইর, মানিকগঞ্জ |
| ৫. | | | | আবু রেজা মোঃ দেলোয়ারুল হক<br>উপজেলা নির্বাচন অফিসার | উপজেলা নির্বাচন অফিস<br>রায়পুরা, নরসিংদী |
| ৬. | | | | মোছাঃ জোবাইদা খাতুন<br>উপজেলা নির্বাচন অফিসার | উপজেলা নির্বাচন অফিস<br>পলাশ, নরসিংদী |

০২। নির্বাচন কমিশনের পর্যবেক্ষক হিসেবে প্রস্তাবিত কর্মকর্তাগণকে নিম্নরূপভাবে দায়িত্ব পালনের জন্য নির্দেশনা দেয়া হয়েছে :

ক. নিয়োগপ্রাপ্ত পর্যবেক্ষকগণ ০৬-০৭ মে ২০১৮ অর্থাৎ ০২(দুই) দিন নির্বাচনি এলাকায় দায়িত্ব পালন করবেন;

খ. রিটার্নিং অফিসার উক্ত দিনেই নিয়োগকৃত পর্যবেক্ষকগণের পর্যবেক্ষণ এলাকা বণ্টন করবেন এবং নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করবেন;

গ. রিটার্নিং অফিসার নিয়োগপ্রাপ্ত পর্যবেক্ষকগণকে নির্বাচনি এলাকার পরিস্থিতি এবং সুষ্ঠু, সুন্দর ও অবাধ নির্বাচন অনুষ্ঠানে তাদের দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালনে করণীয় সম্পর্কে অবহিত করবেন;

ঘ. রিটার্নিং অফিসার কর্তৃক দায়িত্ব পাওয়ার পর পর দায়িত্ব প্রদানকৃত এলাকায় পর্যবেক্ষকগণ অবস্থান করে পরিস্থিতি পর্যবেক্ষণ করবেন;

ঙ. পর্যবেক্ষণকালে আইন ও বিধি অনুসারে কোনরূপ অনিয়ম বা ত্রুটি-বিচ্যুতি (যেমন-ব্যালট ছিনতাই, আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি, ভোটারদের কেন্দ্রে প্রবেশে বাধা প্রদান, জাল ভোট, অবৈধ প্রভাব বিস্তারের প্রচেষ্টা ইত্যাদি) নজরে আসা মাত্র টেলিফোন বা মোবাইল এর মাধ্যমে এবং প্রয়োজনে লিখিতভাবে নির্বাচন কমিশন সচিবালয়ের নির্বাচন ব্যবস্থাপনা-২ অধিশাখার যুগ্ম সচিব, সচিব/অতিরিক্ত সচিব মহোদয় এবং সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারকে তাৎক্ষণিকভাবে অবহিত করবেন;

চ. পর্যবেক্ষণ সমাপ্ত হলে সংযুক্ত ছকে ২৪(চব্বিশ) ঘণ্টার মধ্যে প্রতিবেদন এবং গুরুত্বপূর্ণ ঘটনা ঘটলে তা অতিরিক্ত কাগজে লিপিবদ্ধপূর্বক সচিব, নির্বাচন কমিশন সচিবালয় এবং সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার-এর নিকট দাখিল করবেন এবং

০৩। উল্লিখিত পর্যবেক্ষক হিসেবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নির্বাচনি এলাকায় ভোটকেন্দ্রে যাতায়াতের জন্য জেলা নির্বাচন অফিসার/রিটার্নিং অফিসার গাড়ীর ব্যবস্থা করবেন।

০৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত নির্দেশনা অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি : পর্যবেক্ষণ প্রতিবেদন ছক

০৬.০৫.১৮
( মোঃ ফরহাদ হোসেন )
উপসচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২
ফোন: ০২-৫৫০০৭৫৫৯

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

(১) জেলা নির্বাচন অফিসার, নরসিংদী
(২) উপজেলা নির্বাচন অফিসার, সদর, নরসিংদী ও রিটার্নিং অফিসার
(৩) দায়িত্বপ্রাপ্ত পর্যবেক্ষক, ...............................(সকল)

পর্যবেক্ষকগণের অধিক্ষেত্র বণ্টন করে এর একটি তালিকা নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.১৭ (অংশ-৩)-১৩০

তারিখ: ২৩ বৈশাখ ১৪২৫ / ০৬ মে ২০১৮

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ
৪. উপ মহাপুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ
৫. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৬. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৭. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. জেলা প্রশাসক, নরসিংদী [পর্যবেক্ষকগণের আবাসন ও যাতায়াতের জন্য যানবাহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল]
৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা
১০. পুলিশ সুপার, নরসিংদী [পর্যবেক্ষকগণের নিরাপত্তার প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হল]
১১. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. উপজেলা নির্বাহী অফিসার, সদর, নরসিংদী
১৩. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য]
১৪. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব ......................................................, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য]
১৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
১৬. সিনিয়র সহকারী সচিব, জনবল ব্যবস্থাপনা-১/বাজেট ও অর্থ শাখা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. অফিসার ইনচার্জ, ...............................................(সংশ্লিষ্ট থানা)।

০৬.০৫.১৮
( মোঃ ফরহাদ হোসেন )
উপসচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২